

## 🗏 আর-রাহমান | Ar-Rahman | ٱلرَّحْمُٰن

আয়াতঃ ৫৫: ২৬

### আরবি মূল আয়াত:

# كُلُّ مَن عَلَيهَا فَانٍ ﴿٢۶﴾

#### 🗚 অনুবাদসমূহ:

যমীনের উপর যা কিছু রয়েছে, সবই ধ্বংসশীল। — আল-বায়ান পৃথিবী পৃষ্ঠে যা আছে সবই ধ্বংসশীল, — তাইসিরুল ভূপৃষ্ঠে যা কিছু আছে সব কিছু নশ্বর, — মুজিবুর রহমান

Everyone upon the earth will perish, — Sahih International

## ২৬. ভূপৃষ্ঠে যা কিছু আছে সবকিছুই নশ্বর(১),

(১) এর অর্থ এই যে, ভূপৃষ্ঠে যত জিন ও মানব আছে তারা সবাই ধ্বংসশীল। এই সূরায় জিন ও মানবকেই সম্বোধন করা হয়েছে। তাই আলোচ্য আয়াতে বিশেষভাবে তাদের প্রসঙ্গই উল্লেখ করা হয়েছে। এ থেকে জরুরি হয় না যে, আকাশ ও আকাশস্থিত সৃষ্ট বস্তু ধ্বংসশীল নয়। কেননা অন্য এক আয়াতে আল্লাহ তা'আলা ব্যাপক অর্থবাধক ভাষায় সমগ্র সৃষ্টিজগতের ধ্বংসশীল হওয়ার বিষয়টিও ব্যক্ত করেছেন। বলা হয়েছে, كُلُّ شَيْءٍ هَالِكُ, ''তাঁর চেহারা, সন্তা ব্যতীত সবকিছুই ধ্বংসশীল।' [সূরা আল-কাসাস: ৮৮] [ফাতহুল কাদীর; ইবন কাসীর; কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

## (২৬) ভূ-পৃষ্ঠে যা কিছু আছে সমস্তই নশ্বর।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4927

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন